দৈনিক ইনকিলাব

JUN 1 8 2002

B 8

দলীয় লোকজনও টের পায়নি

# ছাত্রলীগের বিদায়ী সাধারণ সম্পাদক অজয়কর খোকনের গোপনে যুক্তরাষ্ট্রে পাড়ি

**ইনকিলাব রিপোর্ট** ঃ ছাত্রলীগের বিদায়ী সাধারণ সম্পাদক অজয়কর খোকন দেশ ছেড়ে আমেরিকা চলে গেছেন। গত ২৫ এপ্রিল তিনি বেনাপোল সীমান্ত দিয়ে ভারত যান। সেখানে কয়েকদিন অবস্থান করে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে চলে যান। বর্তমান সরকার ক্ষমতাসীন থাকা অবস্থায় তিনি আর দেশে ফিরে আসছেন না বলে দলীয় সূত্রে জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, আওয়ামী লীগ সরকারের আমলে বহু অপকর্মের দায়ে অভিযুক্ত ছাত্রলীগের সাবেক শীর্ষ নেতা অজয় ক্ষমতার প্রভাব খাটিয়ে আমেরিকান দূতাবাস থেকে মাল্টিপোল ভিসা সংগ্রহ করেছিলেন। গত ২৫ এপ্রিল দেশের সকল গোয়েন্দা সংস্থা যখন সিটি কর্পোরেশন নির্বাচন নিয়ে ব্যস্ত, সে সুযোগে অজয়কর বেনাপোল সীমান্ত দিয়ে দেশ ত্যাগ করেন। তার এই লাপাত্তা হওয়ার বিষয়টি দলীয় নেতা-কর্মীরা কেউই টের পায়নি। দীর্ঘদিন যাবত তার কোন হদিস না পাওয়ার পর অজয়ের দেশ ত্যাগের বিষয়টি সকলের নিকট পরিষ্কার হয়। জানাজানি হওয়ার পর বিষয়টি নিয়ে দলীয় নেতা-কর্মীদের মাঝে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

এ ব্যাপারে ছাত্রলীগের কয়েকজন বিদায়ী নেতা বলেন, 'অজয়কর খোকন কাউকে না জানিয়ে অতি গোপনে দেশ ছেড়ে পালিয়েছেন।'